গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

``শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ''

স্মারক নং- ৩৭.০১-০০/২০১৮/৪৮২ তারিখ: ২১/০২/২০১৯খ্রি.

গুণগত শিক্ষার লক্ষ্য অর্জন বিষয়ক পরিপত্র

ইতিঃপূর্বে শহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা (MDG) আমরা অত্যন্ত সাফল্যের সঙ্গে অর্জন করেছি। আমাদের সেই অর্জন দেশে ও বর্হিবিশ্বে ভূয়শী প্রশংসা অর্জন করেছে। শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবক, শিক্ষা কর্মকর্তা ও অন্যান্য অংশীজনের সমবেত প্রচেষ্টায় আমাদের এই অর্জন সম্ভব হয়েছে। এখন আমরা টেকসই উন্নয়ন অভীষ্ট-২০৩০ (SDG) অর্জনের পথে আছি। এর অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় হলো গুণগত শিক্ষার লক্ষ্যে (SDG-4) অর্জন । এই লক্ষ্য অর্জনে সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকায় আছেন সম্মানিত শিক্ষকগণ। তাদের প্রতিষ্ঠানভিত্তিক পরিকল্পনা, কর্মপদ্ধতি, বাস্তবায়ন নীতিমালা ইত্যাদি উপর নির্ভর করবে গুণগত শিক্ষার লক্ষ্য অর্জনের অগ্রযাত্রা। এই প্রেক্ষিতে গুণগত শিক্ষার লক্ষ্যমাত্রা ও কর্মসম্পাদন পরিমাপের প্রস্তাবিত বৈশ্বিক সূচক প্রেরণ করা হলো। উক্ত তথ্যাদির আলোকে প্রতিটি প্রতিষ্ঠানের শিক্ষকগণ এ বিষয় নিয়ে সেমিনার/সিম্পোজিয়াম/ওয়ার্কশপ/মতবিনিময় সভা ইত্যাদি আয়োজন করবেন। SDG-4 এর লক্ষ্যমাত্রা ও সূচকের আলোকে তাদের পরিকল্পনা ও বাস্তবায়ন সংক্রান্ত ধ্যানধারনা, নিজস্ব কৌশল সংক্রান্ত প্রতিবেদন এপ্রিলের ১৫ তারিখের মধ্যে আঞ্চলিক উপপরিচালককের মাধ্যমে মাউশি অধিদপ্তরে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

লক্ষ্যমাত্রা ও বৈশ্বিক সূচক নিম্নরূপ:

| ক্রম | লক্ষ্য মাত্রা | ক্রম | কর্মসম্পাদন পরিমাপের জন্য প্রস্তাবিত বৈশ্বিক সূচক |
|---|---|---|---|
| ৪.১ | ২০৩০ সালের মধ্যে সকল ছেলে ও মেয়ে যাতে প্রাসঙ্গিক, কার্যকর ও ফলপ্রসূ অবৈতনিক, সমতাভিত্তিক ও গুণগত প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা সম্পন্ন করতে পারে তা নিশ্চিত করা | ৪.১.১ | শিশু ও যুবসমাজের অনুপাত : (ক) ২য়/৩য় শ্রেণিতে; (খ) প্রাথমিক শিক্ষা সমাপনীতে; এবং (গ) নিম্নমাধ্যমিক শেষে, লিঙ্গ ভেদে (১) পঠন ও (২) গণিতে অন্তত পক্ষে একটি ন্যূনতম দক্ষতামান অর্জন। |
| ৪.২ | ২০৩০ সালের মধ্যে সকল ছেলে ও মেয়ে যাতে প্রাথমিক প্রস্তুতি হিসেবে প্রাক-প্রাথমিক শিক্ষাসহ শৈশবের একেবারে গোড়া থেকে মানসম্মত বিকাশ ও পরিচর্যার মধ্যে দিয়ে বেড়ে উঠে তার নিশ্চয়তা বিধান করা | ৪.২.১ | লিঙ্গ অনুযায়ী স্বাস্থ্য, শিক্ষা ও মানসিক পরিপুষ্টতায় উন্নতির ধারায় রয়েছে এমন অনূর্ধ্ব ৫ বছর বয়সী শিশুদের অনুপাত |
| | | ৪.২.২ | লিঙ্গ ভেদে সংগঠিত শিক্ষায় অংশগ্রহণের হার (প্রাথমিক শিক্ষায় প্রবেশের বয়সসীমার এক বছর আগে)। |
| ৪.৩ | বিশ্ববিদ্যালয়ে শিক্ষা লাভের সুযোগসহ সাশ্রয়ী ও মানসম্মত কারিগরি, বৃত্তিমূলক ও উচ্চ শিক্ষায় সকল নারী ও পুরুষের জন্য ২০৩০ সালের মধ্যে সমান প্রবেশাধিকার নিশ্চিত করা | ৪.২.৩ | লিঙ্গ ভেদে পূর্ববর্তী ১২ মাসে আনুষ্ঠানিক ও উপআনুষ্ঠানিক শিক্ষা ও প্রশিক্ষণ কর্মসূচিতে যুব সম্প্রদায় ও বয়স্কদের অংশগ্রহণের হার |
| ৪.৪ | চাকরি ও শোভন কর্মে সুযোগ লাভ এবং উদ্যোক্তা হবার জন্য প্রয়োজনীয় কারিগরি ও বৃত্তিমূলক দক্ষতাসহ অন্যান্য প্রাসংগিক দক্ষতাসম্পন্ন যুবক ও প্রাপ্তবয়স্ক জনগোষ্ঠীর সংখ্যা ২০৩০ সালের মধ্যে উল্লেখযোগ্য পরিমানে বাড়ানো | ৪.৩.১ | দক্ষতার ধরন অনুযায়ী তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি)-তে দক্ষ যুবক ও বয়স্কদের অনুপাত |
| ৪.৫ | অরক্ষিত (সংকটাপন্ন) জনগোষ্ঠীসহ প্রতিবন্ধী জনগোষ্ঠী, নৃ-জনগোষ্ঠী ও অরক্ষিত পরিস্থিতির মধ্যে বসবাসকারী শিশুদের জন্য ২০৩০ সালের মধ্যে শিক্ষা ও বৃত্তিমূলক প্রশিক্ষণের সকল পর্যায়ে সমান প্রবেশাধিকার নিশ্চিত করা এবং শিক্ষায় নারী পুরুষ বৈষম্যের অবসান ঘটানো | ৪.৫.১ | এই তালিকার যে সূচকগুলো বিভাজিত হতে পারে এমন সকল শিক্ষা সূচকগুলোর জন্য সমতা সূচক (নারী/পুরুষ, গ্রামীণ/শহরে, ধনসম্পদ অনুযায়ী শীর্ষ/নিম্ন পঞ্চমাংশে অবস্থানকারী শ্রেণি ও অন্যান্য, যেমন প্রতিবন্ধিতাগত অবস্থা, নৃতাত্ত্বিক জনগোষ্ঠীসমূহ ও সংঘাত-সংকুল জনগোষ্ঠী সংক্রান্ত উপাত্ত যখন পাওয়া যায়)। |
| ৪.৬ | নারী পুরুষ নির্বিশেষে যুবসমাজের সবাই এবং বয়স্ক জনগোষ্ঠীর একটি উল্লেখযোগ্য অংশ যাতে ২০৩০ সালের মধ্যে সাক্ষরতা ও গণন-দক্ষতা অর্জনে সফলকাম হয় তা নিশ্চিত করা। | ৪.৬.১ | লিঙ্গভেদে ব্যবহারিক (ক) স্বাক্ষরতা ও (খ) গণন-দক্ষতায় ন্যূনতম নির্ধারিত মানের নৈপুণ্য অর্জনকারী একটি নির্দিষ্ট বয়স শ্রেণিভুক্ত জনগোষ্ঠী অনুপাত |

| | | | |
|---|---|---|---|
| ৪.৭ | অপরাপর বিষয়ের পাশাপাশি, টেকসই উন্নয়ন ও টেকসই জীবনধারার জন্য শিক্ষা, মানবাধিকার, নারী-পুরুষ সমতা, শান্তি ও অহিংসামূলক সংস্কৃতির বিকাশ, বৈশ্বিক নাগরিকত্ব এবং সাংস্কৃতিক বৈচিত্র্য ও টেকসই উন্নয়নে সংস্কৃতির অবদান সম্পর্কিত উপলব্ধি অর্জনের মাধ্যমে সকল শিক্ষার্থী যাতে ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়নের জন্য প্রয়োজনীয় জ্ঞান ও দক্ষতা অর্জন করতে পারে তা নিশ্চিত করা | ৪.৭.১ | (ক) জাতীয় শিক্ষানীতি, (খ) পাঠক্রম, শিক্ষক প্রশিক্ষণ ও (ঘ) শিক্ষার্থীদের মূল্যায়নের সকল পর্যায়ে প্রতিফলিত (১) বৈশ্বিক নাগরিকত্ব শিক্ষা এবং (২) জেন্ডার সমতা ও মানবাধিকারসহ টেকসই উন্নয়নের জন্য শিক্ষার ব্যপ্তি নিরূপণ |
| ৪.ক | শিশু, প্রতিবন্ধিতা ও জেন্ডার সংবেদনশীল শিক্ষা সুবিধা নির্মাণ ও মনোন্নয়ন এবং সকলের জন্য নিরাপদ, শান্তিপূর্ণ, অন্তর্ভুক্তিমূলক ও কার্যকর শিক্ষা পরিবেশ প্রদান করা | ৪.ক.১ | (ক) বিদ্যুৎ, (খ) শিক্ষাদানের জন্য ইন্টারনেট, (গ) শিক্ষাদান কাজে কম্পিউটার, (ঘ) প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য অভিযোজিত অবকাঠামো ও উপকরণাদি, (ঙ) নিরাপদ খাবার পানি, (চ) পৃথক স্যানিটেশন সুবিধা (ছ) হাত ধোয়ার (হাত ধোয়া সংক্রান্ত) নির্দেশকের সংজ্ঞা অনুযায়ী) সুবিধাযুক্ত স্কুলের অনুপাত |
| ৪.খ | উন্নত দেশ ও অন্যান্য উন্নয়নশীল দেশগুলোতে বৃত্তিমূলক প্রশিক্ষণ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, কারিগরি, প্রকৌশল ও বিজ্ঞান সংশ্লিষ্ট বিভিন্ন কর্মসূচিসহ উচ্চ শিক্ষায় ভর্তির জন্য উন্নয়নশীল দেশ, বিশেষ করে স্বল্পোন্নত দেশ, উন্নয়নশীল ক্ষুদ্র দ্বীপরাষ্ট্র ও আফ্রিকার বিভিন্ন দেশে প্রদেয় বৃত্তির সংখ্যা বৈশ্বিকভাবে ২০২০ সালের মধ্যে উল্লেখযোগ্য পরিমানে বাড়ানো | ৪.খ.১ | খাত ও অধ্যয়নের প্রকৃতি অনুযায়ী বৃত্তির জন্য সরকারিভাবে উন্নয়ন সহায়তা প্রবাহের পরিমাণ |
| ৪.গ | শিক্ষক প্রশিক্ষণে আন্তর্জাতিক সহযোগিতার মাধ্যমে ২০৩০ সালের মধ্যে উন্নয়নশীল দেশগুলোতে, বিশেষ করে স্বল্পোন্নত দেশ ও উন্নয়নশীল ক্ষুদ্র দ্বীপরাষ্ট্রগুলোতে যোগ্যতাসম্পন্ন শিক্ষকের সংখ্যা উল্লেখযোগ্য পরিমাণে বৃদ্ধি করা | ৪.গ.১ | (ক) প্রাক্-প্রাথমিক, (খ) প্রাথমিক, (গ) নিম্নমাধ্যমিক ও (ঘ) উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষকদের মাঝে যারা নিজ নিজ দেশে সংশ্লিষ্ট পর্যায়ে শিক্ষকতার জন্য প্রয়োজনীয় প্রাক্-চাকরি বা চাকরিকালীন ন্যূনতম শিক্ষক প্রশিক্ষণ (অর্থাৎ শিক্ষাদান সংশ্লিষ্ট প্রশিক্ষণ) লাভ করেছেন, এমন শিক্ষকদের অনুপাত |

১২.২.১৯

প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক
ফোন: ৯৫৫৩৫৪২

প্রধান শিক্ষক/প্রধান শিক্ষিকা
সরকারি/বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় (সকল)
মাধ্যমিক পর্যায়ের সকল বিদ্যালয়।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব, (মাধ্যমিক(সরকারি/বেসরকারি)),মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। পরিচালক, কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ/মনিটরিং এ্যান্ড ইভ্যালুশেন/ফিনান্স অ্যান্ড প্রকিউরমেন্ট , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৪। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা সকল অঞ্চল।
৫। উপপরিচালক(সাধারণ প্রশাসন/মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
৬। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল) অঞ্চল।
৭। জেলা শিক্ষা অফিসার (সকল) জেলা।
৮। থানা/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), উপজেলা/থানা।
০৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
১০। সংরক্ষণ নথি।